

দিন পরে যায় দিন, বসি পথপাশে
গান পরে গাই গান বসন্তবাতাসে ॥

ফুরাতে চায় না বেলা, তাই সুর গেঁথে খেলা—
রাগিণীর মরীচিকা স্বপ্নের আভাসে ॥

দিন পরে যায় দিন, নাই তব দেখা ।
গান পরে গাই গান, রই বসে একা ।

সুর থেমে যায় পাছে তাই নাহি আস কাছে—
ভালোবাসা ব্যথা দেয় যারে ভালোবাসে ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail